



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৮৬.২৩.১৮২

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০

২৮ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৬০৭৮/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৬০৭৮/২০২৩-এর ১৭/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা জেলার তুরাগ থানার ভাটুলিয়া মৌজাস্থিত পিটিশনারগণের তফসিলভুক্ত (জেএল নং-০৪, খতিয়ান নং-৬৩, দাগ নং-৩১২-তে যোল আনায় ৬০.০০ শতাংশ) ভূমির ক্ষতিপূরণ প্রদানপূর্বক উক্ত ভূমি অধিগ্রহণ করে অবকাঠামো নির্মাণ করার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরকে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য পিটিশনার জনাব মো. আনোয়ার হোসেন গং জেলা প্রশাসক, ঢাকা বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে কোন ব্যবস্থা না নেয়ায় পিটিশনারগণ সংক্ষুব্ধ হয়ে রিট পিটিশন নং ১৬০৭৮/২০২৩ রুজু করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং এবং বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা-কে ২নং প্রতিপক্ষসহ মোট তিন জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৬০৭৮/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8465/potrojariAttachmentRef/53073/0/2240)

২৯-২-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lglaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৮৬.২৩.১৮২/১(৪)

তারিখ: ১৫ ফাল্গুন ১৪৩০

২৮ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ

২৯-২-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)